

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৭.১৯-৭১৫

তারিখঃ ০৮ পৌষ.১৪২৬
২২.১২.২০১৯

আদেশ

সেহেতু, ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী গত ০৩/১২/২০১৮ হতে ২৭/০৫/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ২৪ দিন অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০৫/০৮/২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৭.১৯-৪৪৪ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১) ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১(এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন গত ০৩.১২.২০১৮ হতে ২৭.০৫.২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ২৪ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে কোন বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা থেকে অব্যাহতি দেয়া হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-

তারিখঃ ১৯/১২/২০১৯

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব


(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)

তারিখঃ ২২.১২.২০১৯

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০৬৭.১৯-৭১৫/১(১২)

অনুমতিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, পটুয়াখালী।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডা: সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী।
- ১২। অফিসকপি।



মোঃ আবদুহ সালাম

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hsd.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৮- ৫৪

তারিখঃ ২৪.০১.২০২০

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস

যেহেতু, ডাঃ বিশ্বজিৎ পাল (১০০০৬৫৬), মেডিকেল অফিসার, খামতী উপস্বাস্থ্য কেন্দ্র, দেবীদ্বার, কুমিল্লা গত ৩১.০৭.২০১৪ হতে ০৭.১০.২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৪ বছর ০২ মাস ০৬ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০২.১০.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৮-৪৪৬ নং স্মারকসূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;


যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মকর্তা হিসেবে ৩১.০৭.২০১৪ হতে ০৭.১০.২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৪ বছর ০২ মাস ০৬ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) উপ-বিধি অনুযায়ী কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকুরী হতে বরখাস্ত" গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষণে, যেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালা ৪(৩)(ঘ) মোতাবেক সরকারি "চাকুরী হতে বরখাস্ত" করা হবে না, তার কারণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

ডাঃ বিশ্বজিৎ পাল (১০০০৬৫৬)
মেডিকেল অফিসার
খামতী উপস্বাস্থ্য কেন্দ্র
দেবীদ্বার, কুমিল্লা।
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম- বরকামতা, পোঃ চান্দিনা, থানা- দেবীদ্বার, জেলা-কুমিল্লা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৮- ৫৪/৩ (১২)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

তারিখঃ ২৪.০১.২০২০

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল]
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, কুমিল্লা।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবীদ্বার, জেলা-কুমিল্লা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অভিযুক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুঞ্জলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৮- ৫৫

তারিখঃ ২৪.০১.২০২০

বিষয়ঃ সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি) মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস

যেহেতু, ডাঃ শিশির চন্দ্র মন্ডল (১২১৯৫৫), মেডিকেল অফিসার, আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, রাইজের, মাদারীপুর গত ২৮.০৪.২০১৭ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৫.০৪.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৮-১৩০ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;

যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মকর্তা হিসেবে গত ২৮.০৪.২০১৭ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) উপ-বিধি অনুযায়ী কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন, এজন্য আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার নিকট হতে কোন সাড়া পাননি এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকুরি হতে বরখাস্ত" গুরুদস্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এখানে, যেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালা ৪(৩)(ঘ) মোতাবেক সরকারি "চাকুরি হতে বরখাস্ত" করা হবে না, তার কারণ সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি) মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

২৪/০১/২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

ডাঃ শিশির চন্দ্র মন্ডল (১২১৯৫৫)

মেডিকেল অফিসার

আমগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র,

রাইজের, মাদারীপুর।

(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-বড়াইলবাড়ী, পোঃ পেয়ারপুর, উপজেলা- মাদারীপুর, জেলা- মাদারীপুর)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৮- ৫৫/১ (১১)

তারিখঃ ২৪.০১.২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্ম-প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল]
- ৬। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, মাদারীপুর।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাইজের, মাদারীপুর।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শুঞ্জলা) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অফিস কপি।

২৪/০১/২০
মোঃ আবদুছ সালিম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd